# সুনান আবূ দাউদ (ইসলামিক ফাউন্ডেশন)

হাদিস নাম্বারঃ ২৭৯৩

১০/ কুরবানী প্রসঙ্গে (كتاب الضحايا)

পরিচ্ছেদঃ ৮৩. কুরবানীর অনুপযোগী পশু প্রসংগে।

باب مَا يُكْرَهُ مِنَ الضَّحَايَا

আরবী

حَدَّثَنَا حَفْصُ بْنُ عُمَرَ النَّمَرِيُّ، حَدَّثَنَا شُعْبَةُ، عَنْ سُلَيْمَانَ بْنِ عَبْدِ الرَّحْمَنِ، عَنْ عُبَيْدِ بْنِ فَيْرُوزَ، قَالَ سَأَلْتُ الْبَرَاءَ بْنَ عَازِبٍ مَا لاَ يَجُوزُ فِي الأَضَاحِي فَقَالَ قَامَ فِينَا رَسُولُ اللَّهِ صلى الله عليه وسلم وَأَصَابِعِي أَقْصَرُ مِنْ أَصَابِعِهِ وَأَنَامِلِي أَقْصَرُ مِنْ أَنَامِلِهِ فَقَالَ " أَرْبَعٌ لاَ تَجُوزُ فِي الأَضَاحِي الْعَوْرَاءُ بَيِّنٌ عَوَرُهَا وَالْمَرِيضَةُ بَيِّنٌ مَرَضُهَا وَالْعَرْجَاءُ بَيِّنٌ ظَلْعُهَا وَالْكَسِيرُ الَّتِي لاَ تَنْقَى " . قَالَ قُلْتُ فَإِنِّي أَكْرَهُ أَنْ يَكُونَ فِي السِّنِّ نَقْصٌ . قَالَ " مَا كَرِهْتَ فَدَعْهُ وَلاَ تُحَرِّمْهُ عَلَى أَحَدٍ " .

বাংলা

২৭৯৩. হাফস ইবন ’উমার নামরী (রহঃ) ..... ’উবায়দ ইবন ফাইরূয (রাঃ) থেকে বর্ণিত। তিনি বলেনঃ একদা আমি বারা’আ ইবন ’আযিব (রাঃ)-কে জিজ্ঞাসা করেছিলাম যে, কুরবানীর জন্য কোন ধরনের পশু অবৈধ (অর্থাৎ যবাহের অযোগ্য)? তখন তিনি বলেনঃ একদা রাসূলুল্লাহ্ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম আমাদের মাঝে দাঁড়ান। আমার আংগুলগুলো তাঁর আংগুল হতে ছোট ছিল এবং আমার আংগুলগুলোর গিরাগুলোও তাঁর আংগুলের গিরার চাইতে ছোট ছিল। তিনি চারটি আংগুল দিয়ে ইশারা করে বললেন, চার ধরণের পশু কুরবানী করা বৈধ নয়, যথাঃ ১। স্পষ্ট কানা, ২। অসুস্থ বা রোগগ্রস্থ, যা স্পষ্ট বুঝা যায়, ৩। লেংড়া, যা বাহ্যত দেখা যায় এবং ৪। এত দুর্বল যে, হাঁড় বেরিয়ে গেছে।

রাবী’ বলেন, আমি বললাম, আমি তো ঐ ধরনের পশুকেও অযোগ্য বলে মনে করি, যাদের বয়স কম। তখন তিনি বলেনঃ যা তোমার পছন্দ হয় না, তা তুমি পরিত্যাগ কর। তবে তুমি অন্যকে এ ব্যাপারে নিষেধ করবে না।

## English

Narrated Ubayd ibn Firuz:

I asked al-Bara' ibn Azib: What should be avoided in sacrificial animals? He said: The Messenger of Allah (ﷺ) stood among us, and my fingers are smaller than his fingers, and my fingertips are smaller than his fingertips. He said (pointing with his fingers): Four (types of animals) should be avoided in sacrifice: A One-eyed animal which has obviously lost the sight of one eye, a sick animal which is obviously sick, a lame animal which obviously limps and an animal with a broken leg with no marrow. I also detest an animal which has defective teeth. He said: Leave what you detest, but do not make it illegal for anyone.

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=34901

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন